SME NEWS
এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার
এসএমই ফাউন্ডেশন
বর্ষ ১২ । সংখ্যা ৩৮ | এপ্রিল-জুন ২০২২

## ‘আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২২’ উদযাপন

# নতুন উদ্যোক্তা সৃষ্টি ও বিদ্যমান উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে এসএমই ফাউন্ডেশন: মহামান্য রাষ্ট্রপতি



আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২২ উপলক্ষ্যে বক্তব্য রাখছেন মহামান্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ। মঞ্চে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি এবং ফাউন্ডেশনের চেয়ারপার্সন ও ব্যবস্থাপনা পরিচালক




আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২২ উপলক্ষ্যে আয়োজিত র‍্যালিতে অংশগ্রহণকারীদের একাংশ

২৭ জুন আন্তর্জাতিক এমএসএমই দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য Resilience and Rebuilding: MSMEs for Sustainable Development। শোভন কর্মসংস্থান সৃষ্টি এবং জীবনযাত্রার মানোন্নয়নে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতকে আরো এগিয়ে নেয়ার লক্ষ্যে ২০১৭ সালে জাতিসংঘ ২৭ জুনকে ‘এমএসএমই দিবস’ হিসেবে ঘোষণা করে। সেই হিসেবে এ বছর সারা বিশ্বে ষষ্ঠবারের মত দিবসটি পালিত হচ্ছে। জাতিসংঘ বলছে, বিশ্বের ব্যবসার শতকরা ৯০ ভাগ, কর্মসংস্থানের ৬০-৭০ ভাগ এবং জিডিপিতে ৫০ ভাগ অবদান এমএসএমই খাতের। বিশ্বজুড়ে কর্মক্ষম দরিদ্র, নারী, যুবক ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়নের মেরুদণ্ড হিসেবে ভূমিকা রাখছে এমএসএমই খাত। তবে কোভিড ১৯ প্রেক্ষাপটে এই খাতের ক্ষতি কাটিয়ে উঠতে আগের যে কোন সময়ের চেয়ে বেশি সহায়তা প্রয়োজন। তাই এই খাতে উদ্ভাবন, সৃজনশীলতা ও শোভন কর্মসংস্থান নিশ্চিত করতে অর্থায়ন, পণ্য বাজারজাতকরণ, প্রযুক্তিগত সহায়তা ও ব্যবসার পরিবেশ আরো উন্নত করার সুপারিশ জাতিসংঘের। বাংলাদেশের শতকরা প্রায় ৯৯ ভাগ শিল্প কুটিরসহ এমএসএমই খাতের আওতাভুক্ত। এ খাত দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের ৭০ শতাংশই নিয়ন্ত্রণ করে। মোট শিল্প কর্মসংস্থানের শতকরা প্রায় ৮০ থেকে ৮৫ ভাগ সৃষ্টি হচ্ছে এসএমই খাত থেকে। এসএমই খাত মোট অভ্যন্তরীণ শিল্পপণ্য চাহিদার শতকরা ৩০ থেকে ৩৫ ভাগের যোগান দিয়ে থাকে। এ উপলক্ষ্যে জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারণা এবং নানা আয়োজনের মাধ্যমে আন্তর্জাতিক এমএসএমই দিবস পালন করেছে এসএমই ফাউন্ডেশন। ২৭ জুন ২০২২, সোমবার, সকাল ১১টায় আগারগাঁও পর্যটন ভবনে এ উপলক্ষ্যে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন প্রতিনিধি ও সরকারি বেসরকারি সংস্থা’র প্রতিনিধিরা এতে অংশগ্রহণ করেন। ২৭ জুন ২০২২ সন্ধ্যা ৭.৩০টায় আগারগাঁও পর্যটন ভবনে এ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বঙ্গভবন থেকে ভার্চুয়ালি যুক্ত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

মহামান্য রাষ্ট্রপতি বলেন, ‘শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন এসএমই ফাউন্ডেশন নতুন উদ্যোক্তা সৃষ্টি এবং বিদ্যমান উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এছাড়া ফাউন্ডেশন নারী-উদ্যোক্তা উন্নয়ন ও দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগভিত্তিক ক্লাস্টারগুলোর উন্নয়নের মাধ্যমে আঞ্চলিক কর্মসংস্থান ও আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করছে। তবে এসএমই উদ্যোক্তাদের অন্যতম প্রধান সমস্যা পুঁজির অভাব। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা কর্মসূচির আওতায় খুব অল্প সময়ের মধ্যে মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে ৩০০ কোটি টাকা ঋণ হিসেবে বিতরণে এসএমই ফাউন্ডেশনের সফলতাকে আমি সাধুবাদ জানাই’। ব্যবসাকে একটি মহৎ পেশা উল্লেখ করে রাতারাতি বড়লোক হওয়ার মানসিকতা ত্যাগ করে ক্রেতার সাথে সুসম্পর্ক বজায় রেখে ব্যবসা পরিচালনা করতে ব্যবসায়ীদের প্রতি আহবান জানান মহামান্য রাষ্ট্রপতি।

স্বাগত বক্তৃতায় এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, বর্তমান পরিস্থিতিতে সারাদেশের এসএমই উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে ঋণ, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং আমদানি-রপ্তানি ব্যবসায় সৃষ্ট ঝুঁকি এবং কাঁচামালের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে বিকল্প ব্যবস্থার সন্ধান ও সহায়তা প্রদান জরুরি। এসএমই ফাউন্ডেশন সারাদেশে নতুন উদ্যোক্তা তৈরি করছে, উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিতে কাজ করছে, উদ্যোক্তাদের ব্যবসাগুলোকে প্রযুক্তি ও আইসিটিবান্ধব করে প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি করছে, উদ্যোক্তাদের পণ্যের বিক্রয় ও বাজারজাতকরণ, প্রচার-প্রসারে কাজ করছে, উদ্যোক্তাদেরকে নীতিগত সহায়তা প্রদান করছে, বিভিন্ন বিষয়ে সরকারের সাথে অ্যাডভোকেসি করছে এবং বিদ্যমান ব্যবস্থায় যে সকল উদ্যোক্তা ব্যাংক থেকে ঋণ পায়না, তাদেরকে সহজ শর্তে স্বল্প সুদে ঋণ প্রদান করছে। তবে ফাউন্ডেশনের আর্থিক ও প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতার কারণে সকল চাহিদা শতভাগ পুরণ করা সম্ভব হচ্ছেনা, সারাদেশে ফাউন্ডেশনের কার্যক্রম সম্প্রসারণ করা যাচ্ছেনা।

(অবশিষ্ট ২য় পৃষ্ঠায়)

# ‘আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২২’ উদযাপন

**(প্রথম পৃষ্ঠার পর)**

ঢাকার বাইরে ফাউন্ডেশনের কোন শাখা না থাকায়, সকল অঞ্চলে বিশেষ করে পল্লী অঞ্চলের উদ্যোক্তাদের সেবা প্রদান করা যাচ্ছেনা। এমতাবস্থায়, এসএমই ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধির বিষয়ে সরকারের সদয় মনোযোগ ও সহায়তা দরকার।

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি বলেন, এসএমই খাতের উন্নয়নে আলাদা ব্যাংক গঠনের চেষ্টা করবে সরকার। দেশব্যাপী দক্ষ এসএমই উদ্যোক্তা তৈরিতে এসএমই ফাউন্ডেশনের প্রয়াস অব্যাহত রয়েছে। বিভাগ, জেলা এমনকি উপজেলা পর্যায়ে ‘উদ্যোক্তা উন্নয়ন’ কর্মসূচি জোরদার করা হয়েছে। পাশাপাশি উদ্যোক্তাদের জন্য বিএসটিআই এর সনদপ্রাপ্তি, উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিপণনে সহায়তা দেয়া হচ্ছে। দেশে-বিদেশে বাজার সংযোগ স্থাপনেও ফাউন্ডেশন গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। তবে এসএমই খাতের জন্য ঋণপ্রবাহ আরও বৃদ্ধি করা প্রয়োজন।

শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি বলেন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাত বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকাশক্তি। রপ্তানি প্রবৃদ্ধি, পণ্য বৈচিত্র্যকরণ, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচনসহ সার্বিক আর্থ-সামাজিক অগ্রগতিতে এই খাতের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। বর্তমানে বাংলাদেশের শতকরা প্রায় ৯৯ ভাগ শিল্প ও ব্যবসা কুটিরসহ এমএসএমই খাতের আওতাভুক্ত। এই খাত দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের ৭০ শতাংশই নিয়ন্ত্রণ করে। মোট শিল্প কর্মসংস্থানের শতকরা প্রায় ৮০ থেকে ৮৫ ভাগ সৃষ্টি হচ্ছে এসএমই খাত থেকে। এসএমই খাত মোট অভ্যন্তরীন শিল্পপণ্য চাহিদার শতকরা ৩০ থেকে ৩৫ ভাগ যোগান দিয়ে থাকে। স্বল্প পুঁজিতে, স্বল্প সময়ে অধিক সংখ্যক মানুষের কর্মসংস্থান নিশ্চিত করতে সবচেয়ে গুরুত্বপূণ ভূমিকা রাখতে পারে এসএমই ফাউন্ডেশন। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী উদ্যোক্তাবান্ধব। এ ক্ষেত্রে যুব সমাজ তাদের দক্ষতা কাজে লাগিয়ে যাতে উদ্যোক্তা হতে পারে এ জন্য আমরা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সকল প্রকার সহযোগিতা প্রদান করবো।

# ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ১৪টি এসএমইবান্ধব প্রস্তাবনা গ্রহণ করায় সরকারের প্রতি এসএমই ফাউন্ডেশনের কৃতজ্ঞতা: বাস্তবায়িত হলে উপকৃত হবে এসএমই খাত



জাতীয় রাজস্ব বোর্ডে আয়োজিত এসএমই ফাউন্ডেশনের সাথে প্রাক বাজেট সভায় অংশগ্রহণকারীদের একাংশ

২০২২-২৩ অর্থবছরের জন্য করোনা পরিস্থিতিতে অর্থনৈতিক পুনরুদ্ধারের লক্ষ্যে ‘কোভিডের অভিঘাত পেরিয়ে উন্নয়নের ধারাবাহিকতায় প্রত্যাবর্তন’ জাতীয় বাজেটে এসএমই ফাউন্ডেশনের প্রস্তাবনা গ্রহণ করায় মাননীয় প্রধামন্ত্রীর এবং অর্থমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে এসএমই ফাউন্ডেশন। ৬ লাখ,৭৮ হাজার, ৬৪ কোটি টাকার বিশাল অংকের বাজেটে এসএমই খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে জাতীয় সংসদে উত্থাপিত বাজেটে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে দেয়া ১৪টি প্রস্তাবনা পূর্ণাঙ্গ/আংশিকভাবে গৃহীত হওয়ায় ফাউন্ডেশন মনে করছে, এসব প্রস্তাব বাস্তবায়িত হলে দেশের এসএমই উদ্যোক্তাগণ তথা এসএমই খাত নানাভাবে উপকৃত হবে। তবে এসএমই উদ্যোক্তাদের বিশেষ করে নারী-উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে অর্থায়নের ব্যবস্থা নিশ্চিত করার চ্যালেঞ্জও থাকবে বলে মনে করছে এসএমই ফাউন্ডেশন। প্রতি বছর প্রাক বাজেট আলোচনায় এসএমই ফাউন্ডেশন কর্তৃক এসএমই খাতের উন্নয়নে জাতীয় বাজেটে বিবেচনার জন্য আয়কর, ভ্যাট, শুল্ক ও বিভিন্ন আর্থিক প্রণোদনা বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাবনা শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং অন্যান্য সংস্থার নিকট উপস্থাপন করে থাকে। ২০২২-২৩ অর্থবছরের জাতীয় বাজেটে ৫০টি প্রস্তাবনা চূড়ান্ত করে জাতীয় রাজস্ব বোর্ডে প্রাক বাজেট আলোচনায় উপস্থাপন করা হয়। বাজেট বক্তৃতা পর্যালোচনা করে দেখা গেছে যে, নিম্লোক্ত ১৪টি প্রস্তাব পূর্ণাঙ্গ/আংশিক গৃহীত হয়েছে:

- ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রতিরক্ষণে উক্ত শিল্প কর্তৃক তৈরিকৃত কয়েকটি পণ্য (Finished Product) আমদানিতে প্রযোজ্য শুল্ককর বৃদ্ধি করা হয়েছে।
- অ্যাগ্রোপ্রসেসিং এবং কৃষি যন্ত্রপাতি উৎপাদনকারী উদ্যোক্তাকে ১০ বছর মেয়াদে কর অব্যাহতি প্রদান করা হয়েছে।
- হাল্কা প্রকৌশল শিল্পের সকল প্রকার পণ্য যা কেবল শিল্প-কারখানায় ব্যবহৃত হবে এমন উদ্যোক্তাদের ১০ বছর মেয়াদে কর অব্যাহতি প্রদান করা হয়েছে।
- এসএমই খাতের ইনফরমাল উদ্যোক্তাদেরকে ফরমাল হওয়ার উৎসাহ প্রদানের লক্ষ্যে এক ব্যক্তি কোম্পানির (ওপিসি) কর হার ২৫% থেকে কমিয়ে ২২.৫% করা হয়েছে।
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রতিরক্ষণে শিল্পের পণ্য উৎপাদনে ব্যবহৃত কতিপয় উপকরণ আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান করা হয়েছে। পেপারকাপ প্রস্তুতকারী শিল্পের সুরক্ষায় উক্ত শিল্প কর্তৃক তৈরিকৃত কয়েকটি পণ্য (Finished Product) আমদানিতে সম্পূরক শুল্ক বৃদ্ধি করা হয়েছে।
- পাওয়ার টিলার এর উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে। ফাউন্ড্রি শিল্পে স্থানীয়ভাবে সংগৃহীত স্ক্র্যাপ সরবরাহের ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে।
- নারী উদ্যোক্তাদের মালিকানাধীন এসএমই খাতের কোন প্রতিষ্ঠানের বার্ষিক টার্নওভারের পরিমাণ ৭০ লক্ষ টাকা পর্যন্ত হলে উক্ত প্রতিষ্ঠানের আয়কে করমুক্ত রাখা হয়েছে।
- স্টার্টআপ উদ্যোক্তাদের জন্য কেবলমাত্র আয়কর রিটার্ন দাখিল ব্যতীত অন্যান্য সকল প্রকার রিপোর্টিং এর বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করা হয়েছে এবং স্টার্টআপ কোম্পানির লোকসান ৯ বছর পর্যন্ত সমন্বয়ের বিধান রাখা হয়েছে।
- আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রতিযোগিতার মাধ্যমে ব্যবসার প্রসারের জন্য স্টার্টআপ উদ্যোক্তাদের ক্ষেত্রে ব্যয় সংক্রান্ত বিধি-নিষেধ প্রত্যাহার ও টার্নওভার কর হার ০.৬০% এর পরিবর্তে ০.১০% করা হয়েছে।
- মুড়ি ও চিনির ব্যবসায়ী পর্যায়ে ভ্যাট অব্যাহতি প্রদান করা হয়েছে।
- শিল্পোন্নয়ন উপযোগী দক্ষ মানব সম্পদ তৈরিতে বিভিন্ন কারিগরি বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠানকে ১০ বছর মেয়াদে কর অব্যাহতি প্রদান করা হয়েছে।
- সিএমএসএমই খাতের ঋণ ও অগ্রিমের নিট স্থিতির পরিমাণ প্রতি বছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ আগামী ২০২৪ সালের মধ্যে ন্যূনতম ২৫% উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- নতুন এসএমই উদ্যোক্তাদের সর্বোচ্চ ১০ লক্ষ টাকা জামানতবিহীন এবং সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা পর্যন্ত জামানতসহ পুনঃঅর্থায়ন করার নির্দেশ দেয়া হয়েছে।

উল্লেখ্য, ২০১১-১২ থেকে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে দেশের এসএমই খাতের উন্নয়নে জাতীয় রাজস্ব বোর্ড ও সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে উত্থাপিত ৪৬৭টি প্রস্তাবনার মধ্যে ৮৫টি পূর্ণাঙ্গ/আংশিক গৃহীত হয়েছে।

# এসএমই ফাউন্ডেশন এবং UNESCAP এর উদ্যোগে জাতীয় সেমিনার আয়োজন



ফাউন্ডেশন এবং UNESCAP এর উদ্যোগে আয়োজিত 'Rethinking MSME Finance: A Post-Crisis Policy Agenda' সেমিনারে বক্তব্য রাখছেন শিল্পসচিব

০৬ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশন এবং UNESCAP এর উদ্যোগে 'Rethinking MSME Finance: A Post-Crisis Policy Agenda' জাতীয় সেমিনারের আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিল্পসচিব জাকিয়া সুলতানা। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের পরিচালক মো. জাকের হোসেন। সেমিনারে স্বাগত বক্তব্যে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান বলেন, সরকারি বেসরকারি বিভিন্ন সংস্থার গবেষণায় দেখা গেছে, কোভিড-১৯ এর কারণে দেশের ৯৪ ভাগ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের বিক্রি কমে গেছে। ২১ ভাগ প্রতিষ্ঠান বন্ধ হয়ে গিয়েছিল। এসব প্রতিষ্ঠানের ৩৭ ভাগ কর্মী কাজ হারিয়েছে এবং ৭০ ভাগ কর্মী চাকরি হারানোর ঝুঁকিতে ছিল। শতকরা ৮৩ ভাগ প্রতিষ্ঠান লোকসানের মুখে পড়েছে এবং ৩৩ ভাগ প্রতিষ্ঠান ঋণের কিস্তি শোধ করতে পারেনি। এজন্য ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের ক্ষতি কাটিয়ে উঠতে সরকারের প্রণোদনা প্যাকেজের পরিমাণ আরো বাড়ানো প্রয়োজন।

প্রধান অতিথি শিল্পসচিব বলেন, দেশের শিল্প খাতের কর্মসংস্থানের ৮৫ ভাগই এসএমই খাতের অবদান। দেশের অর্থনীতিতে এসএমই খাতের অবদান বাড়াতে এই খাতের উন্নয়নে কাজ করছে এসএমই ফাউন্ডেশন। তিনি এসএমই খাতের উন্নয়নে বিভিন্ন কর্মসূচি তুলে ধরেন।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন বলেন, কোভিড-১৯ এর ক্ষতি কাটিয়ে উঠতে এসএমই উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ প্রয়োজন। এজন্য উদ্যোক্তাদের ঋণ পাওয়া সহজ করতে ডিজিটাল সেবা চালু করা যেতে পারে।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপনায় বিআইবিএম-এর সহযোগী অধ্যাপক মো. মোশাররফ হোসেন জানান, দেশের প্রায় ৮১ লাখ এসএমই প্রতিষ্ঠানের মধ্যে ৫৮ লাখ বা ৭০ ভাগ শহর এলাকার বাইরে হলেও এসএমই ঋণের ৮১ ভাগই পান শহর এলাকার উদ্যোক্তারা। আর নারী-উদ্যোক্তারা পান মোট ঋণের মাত্র ৭ ভাগের মতো।

কোভিড-১৯ প্রেক্ষাপটে প্রযুক্তি (ডিজিটাল ফাইনান্সিং এবং ফিনটেক) ও ক্লাস্টারভিত্তিক অর্থায়ন ব্যবস্থার উন্নয়ন ও প্রসারের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণের আওতায় আনার বিষয়ে বিশেষজ্ঞদের মতামত ও সুপারিশ গ্রহণের লক্ষ্যে এ সেমিনারের আয়োজন করা হয়।

# গণমাধ্যমকর্মীদের নিয়ে এসএমই ক্লাস্টার পরিদর্শন ও জেলা প্রশাসনের সাথে মতবিনিময়


যশোরের নকশীকাঁথা ক্লাস্টার পরিদর্শন করছেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন, পরিচালক পর্ষদ সদস্যবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ



যশোর সার্কিট হাউজে বিভিন্ন এসএমই ক্লাস্টারের উন্নয়নে আয়োজিত মতবিনিময় সভায় অতিথিবৃন্দ

০১-০২ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের নেতৃত্বে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, পরিচালক পর্ষদ সদস্য মির্জা নুরুল গণী শোভন ও মানতাশা আহমেদ, মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম ও রাহুল বড়ুয়াসহ ফাউন্ডেশনের কর্মকর্তা এবং বাংলাদেশ টেলিভিশন, যমুনা টেলিভিশন, চ্যানেল ২৪, দৈনিক সমকাল ও বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকার প্রতিনিধিসহ একটি প্রতিনিধিদল যশোর লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার, নকশীকাঁথা ক্লাস্টার এবং নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার পরিদর্শন করেন। ০১ জুন ২০২২ সকালে যশোর নকশীকাঁথা ক্লাস্টার ও বিকালে নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার ও লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার পরিদর্শনকালে ফাউন্ডেশনের চেয়ারপার্সন এবং অতিথিবৃন্দ উদ্যোক্তা ও শ্রমিকদের কাছ থেকে ক্লাস্টারের সম্ভাবনা ও সমস্যা সম্পর্কে ধারণা লাভ করেন এবং পরবর্তীতে এসব বিষয়ে ফাউন্ডেশনের কর্মসূচি জোরদার করার নির্দেশনা প্রদান করেন। ০১ জুন ২০২২ দুপুরে তিনটি ক্লাস্টারের উদ্যোক্তা, বিশ্ববিদ্যালয় শিক্ষক, স্থানীয় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, জেলা চেম্বার ও নাসিব নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সাথে জেলা প্রশাসনের মতবিনিময় সভার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। যশোর সার্কিট হাউজের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক মো. তমিজুল ইসলাম খানের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। মতবিনিময় সভায় উদ্যোক্তারা তাঁদের ক্লাস্টারের বিদ্যমান নানাবিধ সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরে তা কাটিয়ে উঠতে জেলা প্রশাসন ও এসএমই ফাউন্ডেশনের দিক নির্দেশনা ও সার্বিক সহযোগিতার আশাবাদ ব্যক্ত করেন। ফাউন্ডেশনের পক্ষ থেকে চেয়ারপার্সন ক্লাস্টারসমূহের উন্নয়নে প্রযুক্তিগত সহায়তা, প্রশিক্ষণ, পলিসিগত সহায়তা, ও ব্যাংকের মাধ্যমে আর্থিক সহযোগিতা প্রদানের বিষয়ে আশ্বস্ত করেন।

# 'ডিজিটাল উদ্যোগ ও ব্যবসায় ডিজিটাল রূপান্তর' কর্মশালা

ডিজিটাল ট্রান্সফরমেশন বর্তমানে ব্যবসা টেকসই করার গুরুত্বপূর্ণ উপাদান। কাঁচামাল সংগ্রহ হতে শুরু করে পেমেন্ট-সব স্তরে ব্যবসায় ডিজিটাল ট্রান্সফরমেশন করতে পারলে বর্তমান প্রতিযোগিতার বাজারে এসএমইদের টিকে থাকা সম্ভব। এসব প্রেক্ষাপট বিবেচনা করে এপ্রিল-জুন ২০২২ নতুন উদ্যোগ তৈরি ও বর্তমান ব্যবসা টিকে থাকতে ডিজিটাল প্রযুক্তি বিষয়ে ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহে 'ডিজিটাল ব্যবসা উদ্যোগ সৃষ্টি ও ব্যবসায় ডিজিটাল রূপান্তর' ৪টি কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন।


'ডিজিটাল উদ্যোগ ও ব্যবসায় ডিজিটাল রূপান্তর' কর্মশালায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের একাংশ

## প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল থেকে ঋণ বিতরণের লক্ষ্যে 'রিভলভিং ফান্ড' গঠন

করোনা ভাইরাস পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণ দান কর্মসূচি সম্প্রসারণের নিমিত্ত আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের অনুকূলে দুই ধাপে ৩০০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। ১৯টি অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত তহবিল ৩১০৮জন এসএমই উদ্যোক্তাদের মাঝে ঋণ হিসেবে সফলভাবে বিতরণ করা হয়। অর্থ বিভাগের নির্দেশনা মোতাবক আদায়কৃত অর্থ দিয়ে রিভলভিং ফান্ড গঠন করা হবে। এই ফান্ড থেকে ঋণ বিতরণের উদ্দেশ্যে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে ১৯ এপ্রিল ২০২২ ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে সভায় ৩২টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই বিভাগের প্রধান ও সংশ্লিষ্ট প্রতিনিধিবৃন্দ 'রিভলভিং ফান্ড' পরিচালনা ও এই ফান্ড থেকে ঋণ বিতরণের বিষয়ে তাঁদের মতামত ও পরামর্শ প্রদান করেন। সভার সুপারিশ ও পর্যালোচনার ভিত্তিতে ঋণ বিতরণের খসড়া নীতিমালা প্রস্তুত করা হয়েছে যা ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন। সভায় জানানো হয়, 'রিভলভিং



প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল থেকে ঋণ বিতরণের লক্ষ্যে 'রিভলভিং ফান্ড' নিয়ে মতবিনিময় সভা

ফান্ড' থেকে এসএমই উদ্যোক্তা, ক্লাস্টার, ক্লায়েন্টেল গ্রুপ, অ্যাসোসিয়েশন ও চেম্বারের সদস্য এবং নারী-উদ্যোক্তাদের মধ্যে সর্বোচ্চ ৪% সুদ হারে এ ঋণ বিতরণ করা হবে। সভায় ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাউদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপকবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ৮টি প্রতিষ্ঠানের ISO 22000:2018 সনদ অর্জন

দেশীয় বাজারে ক্রেতাদের আস্থা অর্জনের পাশাপাশি বহির্বিশ্বে রপ্তানি এবং বাজারজাতকরণের লক্ষ্যে এসএমই প্রতিষ্ঠানসমূহকে ISO 22000 সনদ অর্জনে সহায়তা করে আসছে এসএমই ফাউন্ডেশন। এ লক্ষ্যে ফাউন্ডেশন 'নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি' বা 'Food Safety Management System (FSMS)-ISO 22000:2018' বাস্তবায়ন কর্মসূচি গ্রহণ করে। কর্মসূচির আওতায় চলতি অর্থবছরে ৮টি প্রতিষ্ঠানকে আন্তর্জাতিক মান ISO 22000 সম্পর্কে অবহিতকরণ এবং স্বীয় প্রতিষ্ঠানে বাস্তবায়ন ও মান সনদ অর্জনে সহযোগিতা করে এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশনের পরামর্শ সেবায় সেফ ট্রেডিং কর্পোরেশন, প্রতিভা ট্রেডিং, অভিজাত ফুড অ্যান্ড বেভারেজ ইন্ডাস্ট্রিজ লি., মাসুদ অ্যাগ্রো প্রসেসিং ফুড প্রোডাক্টস লি., বানী'স ক্রিয়েশন, আয়ুর্বেদীয় ফার্মেসী (ঢাকা) লি., ছিপ ফুড বিডি এবং অলওয়েলস মার্কেটিং লি.- ৮টি প্রতিষ্ঠান ISO 22000 সনদ অর্জন করেছে। উল্লেখ্য, ইতঃপূর্বে ফাউন্ডেশনের সহযোগিতায় আরো ১৩টি প্রতিষ্ঠান ISO 22000 সনদ অর্জন করে।

## ফাউন্ডেশনের সহায়তায় Nepal Chamber Expo 2022-এ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অংশগ্রহণ

১৬-২০ জুন ২০২২ নেপালের রাজধানী কাঠমান্ডুর ভ্রিকুতিমণ্ডপ এক্সিবিশন হলে ৫ দিনব্যাপী আন্তর্জাতিক মেলার আয়োজন করে নেপাল চেম্বার অব কমার্স। বাংলাদেশের বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরো'র সহায়তায় আয়োজিত মেলায় ২০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাকে অংশগ্রহণে সহায়তা করেছে এসএমই ফাউন্ডেশন। অংশগ্রহণকারী উদ্যোক্তাদের মধ্যে ১৬জন নারী ও ৪জন পুরুষ উদ্যোক্তা। কোভিড-১৯ এর কারণে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন। এছাড়া এসএমই উদ্যোক্তারা তাদের পণ্যের বাজারজাতকরণেও অনেক পিছিয়ে আছেন। প্রতিকূল পরিস্থিতি কাটিয়ে উঠতে সহায়তার অংশ হিসেবে এসএমই উদ্যোক্তাদের পণ্যের বাজার সম্প্রসারণ, পণ্যের প্রচার এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশী পণ্যের বাজার সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশের ঐতিহ্যবাহী পণ্য (তাঁত, সিল্ক, মসলিন, বিভিন্ন টাই-ডাই করা পোশাক, হোম ডেকর, জুয়েলারি, কাঁথা, চামড়াজাত পণ্য) প্রস্তুতকারী উদ্যোক্তাদেরকে রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)'র মাধ্যমে Nepal Chamber Expo 2022-এ বিনামূল্যে অংশগ্রহণে সহায়তা করেছে এসএমই ফাউন্ডেশন। এসএমই ফাউন্ডেশনের কর্মপরিকল্পনার অংশ হিসেবে এসএমই পণ্যের প্রচার, প্রসার ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণে সহায়তা কর্মসূচির অংশ হিসেবে উদ্যোক্তাদের এই সহায়তা দেয়া হয়েছে। পঞ্চমবারের মতো আয়োজিত Nepal Chamber Expo 2022-এ নেপাল ও বাংলাদেশসহ বিভিন্ন দেশের উদ্যোক্তারা ১৫০টি স্টলে তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পেয়েছেন। এ মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে



Nepal Chamber Expo 2022 -এ এসএমই ফাউন্ডেশনের স্টল ও দর্শনার্থীদের একাংশ

কাঠমান্ডুতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস নানাভাবে সহায়তা প্রদান করেছে। নেপালের কয়েকজন ব্যবসায়ী ফাউন্ডেশনের মাধ্যমে অংশগ্রহণকারী উদ্যোক্তাদের সাথে পণ্য ক্রয়ের বিষয়ে যোগাযোগ করেছেন পণ্য কিনতে বাংলাদেশে ভ্রমনের আগ্রহ প্রকাশ করেছেন। উল্লেখ্য, এখন পর্যন্ত এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ১৭৩জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা চীন, জাপান, কাতার, ভারত, জার্মানি ও নেপালে আন্তর্জাতিক মেলায় নিজেদের পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পেয়েছেন।

## এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'ব্যবসায় আইসিটি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধি' কার্যক্রম

এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের ব্যবসায় আইসিটি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩০ জুন ২০২২ বগুড়ার আদমদিঘী হ্যান্ডলুম ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'অনলাইন মার্কেটিংয়ে দক্ষতা উন্নয়ন' কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। কর্মশালায় ব্যবসা অটোমেশনে সরকারের গৃহীত কার্যক্রম, ব্যবসা বিকাশে ওয়েবসাইটের ব্যবহার, সাইবার নিরাপত্তা সচেতনতা, ব্যবসায় আইসিটি/অনলাইনের ব্যবহার ও অনলাইন মার্কেটিং সম্পর্কে আলোচনা করা হয়। কর্মশালায় ২০জন উদ্যোক্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেন।

# ময়মনসিংহে 'বিভাগীয় এসএমই পণ্য মেলা' আয়োজন



ময়মনসিংহে 'বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২২' এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক

পহেলা বৈশাখ ও পবিত্র ইদুল ফিতরকে সামনে রেখে ১১-১৭ এপ্রিল ২০২২ এসএমই ফাউন্ডেশনের আয়োজনে ময়মনসিংহ টাউন হলে আয়োজন করা হয় বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২২। ১১ এপ্রিল ২০২২ মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। জেলা প্রশাসক মোহাম্মদ এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহানগর আওয়ামী লীগ সভাপতি মো. এহতেশামুল আলম এবং পুলিশ সুপার মো. আহমার উজ্জামান (পিপিএম, সেবা)। মেলার ৫০টি স্টলে ৪৮জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা শুধু তাদের উৎপাদিত দেশী পণ্য প্রদর্শন ও বিক্রয় করেন। বিভাগীয় কমিশনারের তত্ত্বাবধানে বিভাগীয় এসএমই পণ্য মেলা বাস্তবায়ন করে জেলা প্রশাসন। ১৭ এপ্রিল ২০২২ মেলার সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ চব্বিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকার পণ্য বিক্রয় এবং প্রায় বারো লক্ষ টাকার পণ্যের অর্ডার পেয়েছেন।

# 'Properties, Testing and Certification of Light Engineering Products' কর্মশালা

১৮ এপ্রিল ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এ 'Properties, Testing and Certification of Light Engineering Products' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিসিএসআইআর-এর চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতির সভাপতি ও এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য মো. আবদুর রাজ্জাক। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান। কর্মশালায় লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পে যথাযথ প্রশিক্ষণ, টেস্টিং, সার্টিফিকেশন ও বিজ্ঞানসম্মত অনুশীলনের মাধ্যমে আধুনিক ও যুগোপোযোগী পদ্ধতি ব্যবহারে মানসম্মত পণ্য উৎপাদনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় উদ্যোক্তারা লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য উৎপাদনে নিজেদের ক্লাস্টারসমূহের বিদ্যমান সমস্যা তুলে ধরেন। এ সময় উদ্যোক্তাদের বিসিএসআইআর এর টেস্টিং ফ্যাসিলিটির ব্যবহার প্রদর্শন করা হয়। পণ্যের মানোন্নয়নের মাধ্যমে আমদানি




'Properties, Testing and Certification of Light Engineering Products' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

বিকল্প পণ্য উৎপাদনে সক্ষমতা অর্জনে প্রয়োজনীয় কয়েকটি টেস্টিংয়ের ডেমনস্ট্রেশন করা হয়। কর্মশালায় ঢাকা, বগুড়া, সিলেট, চট্টগ্রাম ও নওগাঁ জেলার লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পের উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন।

# 'নিউইয়র্ক ট্রেড ফেয়ারের জন্য নারী-উদ্যোক্তাদের উৎপাদিত বহুমুখী পাটজাত পণ্য মূল্যায়ন' কর্মশালা



'নিউইয়র্ক ট্রেড ফেয়ারের জন্য নারী-উদ্যোক্তাদের উৎপাদিত বহুমুখী পাটজাত পণ্য মূল্যায়ন' কর্মশালায় অতিথিবৃন্দ উদ্যোক্তাগণ

এসএমই ফাউন্ডেশন, TFO Canada এবং Chemonics International-এর যৌথ উদ্যোগে 'Women in Trade for Inclusive and Sustainable Growth' প্রকল্পের আওতায় এসএমই উদ্যোক্তাদের তৈরি বহুমুখী পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে সহায়তা প্রদানের লক্ষ্যে পণ্য মূল্যায়ন কর্মশালার আয়োজন করা হয়। ১২ মে ২০২২ কর্মশালায় ২০জন উদ্যোক্তা তাঁদের উৎপাদিত পণ্য মূল্যায়নের জন্য উপস্থাপন করেন। অংশগ্রহণকারী ২০জন নারী-উদ্যোক্তার মধ্য থেকে TFO Canada নিয়োজিত পরামর্শক ও নির্দিষ্ট প্রক্রিয়ায় নির্বাচিত ১৪জন উদ্যোক্তা তাঁদের পণ্য নিয়ে নিউইয়র্ক ট্রেড ফেয়ারে অংশগ্রহণ করবেন। মূল্যায়ন কর্মশালায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং মহাব্যবস্থাপক ফারজানা খান। পণ্য মূল্যায়ন ও পরামর্শের জন্য ছিলেন TFO Canada নিয়োজিত পরামর্শক।

# ঈদুল ফিতর উপলক্ষ্যে 'ঈদ মেলা ২০২২' আয়োজন

এসএমই ফাউন্ডেশন ও বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) এর উদ্যোগে ২১-২৩ এপ্রিল ২০২২ রাজধানীর নিউ বেইলি রোডের মহিলা সমিতি প্রাঙ্গনে নারী-উদ্যোক্তাদের বৈচিত্রময় পণ্য নিয়ে 'ঈদ মেলা ২০২২' আয়োজন করা হয়। মেলার উদ্বোধন করেন বিডব্লিউসিসিআই'র প্রেসিডেন্ট সেলিমা আহমাদ এমপি। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিডব্লিউসিসিআই'এর পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ। মেলায় ৩২টি স্টলে নারী-উদ্যোক্তাগণ বৈচিত্রময় পণ্য নিয়ে অংশগ্রহণ করেন। মেলায় ঐতিহ্যবাহী নকশীকাঁথা, শাড়ী, সালোয়ার কামিজ, পাঞ্জাবি, শিশুদের পোশাক, গৃহস্থালী সামগ্রী, ঘর সাজানোর সামগ্রী, চামড়া ও পাটজাত পণ্য, হাতের তৈরি অলঙ্কার, বাঁশের তৈরি পণ্য, ভেষজ পণ্য প্রদর্শন ও বিক্রয় করা হয়। তিন দিনব্যাপী মেলায় প্রায় ত্রিশ লক্ষ টাকার পণ্য বিক্রি করেন নারী-উদ্যোক্তাগণ।



ঈদুল ফিতর উপলক্ষ্যে 'ঈদ মেলা ২০২২' এর উদ্বোধণী অনুষ্ঠানে অতিথিবৃন্দ

# ‘টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে এসএমই খাতের ভূমিকা’ কর্মশালা



‘টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে এসএমই খাতের ভূমিকা’ কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের ভূমিকা এবং করণীয় নিরূপণ করার লক্ষ্যে এসএমই উদ্যোক্তাদের জন্য ‘টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে এসএমই খাতের ভূমিকা’ কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ২৫ এপ্রিল ২০২২ ও ২৮ এপ্রিল ২০২২ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে আয়োজিত কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। রিসোর্সপার্সন ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক যুগ্ম সচিব মো. মনিরুল ইসলাম। তিনি তাঁর উপস্থাপনায় এসডিজি-এর প্রেক্ষাপট, বিভিন্ন অভীষ্ট লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ এবং এসডিজি লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ, সম্ভাব্য প্রতিবন্ধকতা এবং তা থেকে উত্তরণের উপায়ের ওপর আলোকপাত করেন। দু’টি কর্মশালায় ৭২জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

# ‘বহুমুখী পণ্য প্রস্তুতকরণ’ প্রশিক্ষণ

১৭-২১ মে ২০২২ মানিকগঞ্জের ঘিওরের শ্রীবাড়ী বাঁশ-বেত শিল্প ক্লাস্টারে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২য় ধাপে ‘বহুমুখী পণ্য প্রস্তুতকরণ’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রথম ধাপের প্রশিক্ষণের আলোকে পণ্যের গুণগত মানোন্নয়নে এবং উদ্যোক্তাদের চাহিদার প্রেক্ষিতে ২য় ধাপের এই প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তারা নতুন ডিজাইনের পণ্য উৎপাদন ও ফিনিশিং ও গুণগত মানোন্নয়নের ব্যবহারিক জ্ঞান লাভ করেন। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া এবং উপব্যবস্থাপক অসীম কুমার হালদার অংশগ্রহণ করেন। এ সময় উদ্যোক্তারা জানান, এই প্রশিক্ষণের ফলে তাদের পণ্য উৎপাদনে বহুমাত্রিকতা যুক্ত হয়েছে।



মানিকগঞ্জে ‘বহুমুখী পণ্য প্রস্তুতকরণ’ প্রশিক্ষণে অতিথিবৃন্দ

# পটুয়াখালীতে ‘প্রোডাক্ট ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণ



পটুয়াখালীর বাউফলে ‘প্রোডাক্ট ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

০৫-০৯ মে ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে পটুয়াখালীর বাউফলে মৃৎশিল্প ক্লাস্টার পণ্যের যুগোপযোগী ডিজাইন ও মানোন্নয়নে ‘প্রোডাক্ট ডিজাইন ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। পণ্যের ডিজাইন ও মনোন্নয়নে করনীয় নির্ধারণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে একটি প্রতিনিধিদল ১৬ মার্চ ২০২২ ক্লাস্টারটি পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন। এ সময় উদ্যোক্তাদের চাহিদার প্রেক্ষিতে এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। প্রশিক্ষণে মাটি দ্বারা নির্মিত গৃহস্থালির নিত্য ব্যবহার্য দ্রব্যাদির গুণগত মানোন্নয়নের পাশাপাশি নতুন পণ্য উৎপাদনের ব্যবহারিক শিক্ষা প্রদান করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সিরামিক বিভাগের সহযোগী অধ্যাপক স্বপন কুমার সিকদার।

# ‘SME’s Eligibility, Benefits, Pre-issue Disclosure Requirements and Listing Procedures on DSE Platform’ কর্মশালা

ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২৩ জুন ২০২২ ডিএসই ট্রেনিং একাডেমিতে ‘SME’s Eligibility, Benefits, Pre-issue Disclosure Requirements and Listing Procedures on DSE Platform’ কর্মশালার আয়োজন করা হয়। ডিএসই’র ব্যবস্থাপনা পরিচালক তারিক আমিন ভুইয়া’র সভাপতিত্বে কর্মশালা উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচাক ড. মো. মফিজুর রহমান। কর্মশালায় ডিএসই’র এসএমই, এটিবি ও ওটিসি ডিপার্টমেন্টের সিনিয়র ম্যানেজার সৈয়দ ফয়সাল আব্দুল্লাহ এসএমই রুলস, রেগুলেশনস ও কমপ্লায়েন্স সংক্রান্ত বিষয় এবং ডিএসই’র লিস্টিং অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের সিনিয়র ম্যানেজার মো. রবিউল ইসলাম প্রাক ইস্যু প্রয়োজনীয় ডিসক্লোজার, প্রস্তুতি, ডকুমেন্টেশন ও তালিকাভুক্তির পদ্ধতি বিষয়ে আলোকপাত করেন। এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মোহাম্মদ শামসুর রহমান এফসিএমএ কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালায় সমাপনী বক্তব্য প্রদান করেন ডিএসই’র প্রধান পরিচালন কর্মকর্তা এম. সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ। কর্মশালায় ৩০জন এসএমই উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্য, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিজ) রুলস, ২০১৮ এর আওতায় ০৬ সেপ্টেম্বর ২০২১ ডিএসই টাওয়ারে ঢাকা স্টক এক্সচেঞ্জ ও এসএমই ফাউন্ডেশনের মধ্যে ৩ বছর মেয়াদী সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এসএমই খাতের উন্নয়নে যৌথ গবেষণা পরিচালনা ও



‘SME’s Eligibility, Benefits, Pre-issue Disclosure Requirements and Listing Procedures on DSE Platform’ কর্মশালায় অতিথিবৃন্দ

পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়, পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলনের বিষয়ে এসএমই উদ্যোক্তাদের অবহিতকরণের উদ্দেশ্যে যৌথ প্রচারণা, পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলনে এসএমই উদ্যোক্তাদের সহযোগিতার উদ্দেশ্যে যৌথ উদ্যোগে সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা, এসএমই খাতের উন্নয়নে পারস্পরিক জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়, এসএমই ফাউন্ডেশন ও এসএমই উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে ধারণা প্রদান এবং উভয় পক্ষের প্রযুক্তি উন্নয়ন বিষয়ে পারস্পরিক তথ্য বিনিময়ের লক্ষ্যে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

## 'ফিন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা

২০ জুন ২০২২ মুন্সীগঞ্জে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'ফিন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালার আয়োজন করা হয়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তারের সভাপতিত্বে কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের পরিচালক মো. জাকের হোসেন। উপস্থিত ছিলেন মুন্সীগঞ্জ জেলা ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতির (নাসিব) সভাপতি মো. আরফিন এবং সংরক্ষিত নারী কাউন্সিলর ও নারী-উদ্যোক্তা বেগম নার্গিস আক্তার। উদ্বোধনী অনুষ্ঠানে ৩১টি ব্যাংক ও বিভিন্ন এসএমই চেম্বার/অ্যাসোসিয়েশনের প্রতিনিধি, উদ্যোক্তা প্রতিনিধিবৃন্দ, বাংলাদেশ ব্যাংক ও সরকারী বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা। দিনব্যাপী কর্মশালায় ৩টি ওয়ার্কিং সেশন অনুষ্ঠিত হয়। এসএমই উদ্যোক্তাদের উন্নয়নের জন্য ফাউন্ডেশন প্রণীত বিভিন্ন নীতিমালা, প্রোগ্রাম ও আন্তর্জাতিকভাবে প্রচলিত সর্বোত্তম প্র্যাকটিস নিয়ে আলোচনা করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। এসএমই ফাইন্যান্সিং উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন নীতিমালা, গাইডলাইনসমূহ ও সার্কুলার নিয়ে আলোচনা করেন বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের পরিচালক মো. জাকের হোসেন। সবশেষ সেশনে এসএমই ঋণ বিতরণ, মনিটরিং ও রিকভারি নিয়ে ব্যাংকারদের বিভিন্ন অভিজ্ঞতা শেয়ার করেন ব্যাংক এশিয়ার মুন্সিগঞ্জ অঞ্চল প্রধান বিপুল কুমার সরকার ।



মুন্সিগঞ্জে আয়োজিত 'ফিন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালায় উপস্থিতির একাংশ

০৯ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কিশোরগঞ্জ জেলা মহিলা সংস্থা'র সম্মেলন কক্ষে 'ফিন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালার আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কিশোরগঞ্জ জেলা প্রশাসক মোহাম্মদ শামীম আলম। এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা'র সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের উপমহাব্যবস্থাপক এজিএম খাইরুল নাঈম, কিশোরগঞ্জ জেলা চেম্বার সভাপতি মোঃ মজিবুর রহমান এবং কিশোরগঞ্জ উইমেন চেম্বার সভাপতি মিসেস ফাতেমা জোহরা আক্তার। অনুষ্ঠানে ২৬টি ব্যাংকের কর্মকর্তা, বিভিন্ন চেম্বার/অ্যাসোসিয়েশনের প্রতিনিধি, উদ্যোক্তা প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক প্রতিনিধি ও সরকারি বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। দিনব্যাপী কর্মশালায় ৩টি ওয়ার্কিং সেশন পরিচালিত হয়।ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা এসএমই উন্নয়নে ফাউন্ডেশনের কর্মকাণ্ড, সরকারের বিভিন্ন নীতি-সার্কুলার ও ফাউন্ডেশন ক্রেডিট হোলসেলিং কার্যক্রম বিষয়ে একটি সেশন পরিচালনা করেন। মূল কর্মশালায় বাংলাদেশ ব্যাংক, ময়মনসিংহ কার্যালয়ের যুগ্মপরিচালক সুমনা সাহা এবং প্রিমিয়ার ব্যাংকের এসএমই বিভাগের প্রধান ও এসইভিপি মোহাম্মদ ইমতিয়াজ উদ্দিন দুটি ওয়ার্কিং সেশন পরিচালনা করেন।

## জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটির সভায় অংশগ্রহণ

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) সক্ষমতা অক্ষুণ্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রী ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/ বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য বিশ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন। বর্তমানে প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের দ্বিতীয় মেয়াদ চলমান রয়েছে। প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সুচারুরূপে বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে জেলা প্রশাসককে আহ্বায়ক করে 'জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি' গঠন করা হয়। এসএমই ফাউন্ডেশন এই কমিটির সদস্য হিসেবে এখন পর্যন্ত প্রায় ৩৫০টি ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করে উদ্যোক্তাদের স্বার্থে মতামত প্রদান করেছে। এসএমই ফাউন্ডেশন এর প্রতিনিধিবৃন্দ সভায় যোগদান করে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের তালিকা প্রণয়ন, লিড ব্যাংকের সক্রিয় দায়িত্ব পালন ও প্রতিটি ব্যাংক শাখায় হেল্প ডেস্ক স্থাপন, স্থানীয়ভাবে ব্যাপক প্রচার-প্রচারণা ও উপখাতভিত্তিক বিতরণের বিষয়ে গুরুত্ব প্রদান করে মতামত ও পরামর্শ দেন। ফাউন্ডেশন প্রণোদনা প্যাকেজ সুষ্ঠভাবে বাস্তবায়ন তথা প্রান্তিক উদ্যোক্তাদের জন্য ঋণপ্রাপ্তি সহজীকরণের উদ্দেশ্যে একটি গাইডলাইন প্রণয়ন করেছে। এছাড়া জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটিকে সার্বিক সহায়তার উদ্দেশ্যে একটি ঋণ মনিটরিং ফরম্যাট তৈরি ও বিতরণ, উদ্যোক্তাদের প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য ফোকালপার্সন নির্বাচন, বিভিন্ন জেলা কমিটির নিকট সার্কুলারসহ প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ ইত্যাদি কার্যক্রম এসএমই ফাউন্ডেশন বাস্তবায়ন করছে। সবশেষ তথ্য অনুযায়ী, দ্বিতীয় মেয়াদের মোট তহবিলের প্রায় ৫০ শতাংশ তহবিল ইতোমধ্যে ঋণ হিসেবে বিতরণ সম্পন্ন হয়েছে।

## 'Modernization of Competency Standard of SME Foundation' কর্মশালা



'Modernization of Competency Standard of SME Foundation' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

২৫-২৬ এপ্রিল ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'Modernization of Competency Standard of SME Foundation' কর্মশালার আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। ফাউন্ডেশনে বিদ্যমান ২টি প্রশিক্ষণ কোর্সের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ডকে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার উপযোগী করার লক্ষ্যে গবেষক, সেক্টর বিশেষজ্ঞ, অ্যাসোসিয়েশন/চেম্বার নেতৃবৃন্দ, উদ্যোক্তা ও বাস্তবায়নকারী কর্মকর্তার সমন্বয়ে ২টি প্যানেলে ১৮জন কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। উল্লেখ্য, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং এটুআই প্রোগ্রাম ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সহযোগিতায় এসএমই ফাউন্ডেশন SME SHIFT: Skills for High Impact Frontier Technology পাইলট প্রকল্প বাস্তবায়ন করছে।

## এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ৪টি প্রতিষ্ঠানে 'কাইজেন' বাস্তবায়ন

উৎপাদনশীলতা উন্নয়নে একটি সার্বজনীন কৌশল হচ্ছে কাইজেন (KAIZEN)। কাইজেন বাস্তবায়নের ফলে উৎপাদনশীলতা বৃদ্ধি, কর্মপরিবেশ উন্নয়ন ও অপচয় রোধ সম্ভব। বাংলাদেশের এমএসএমই শিল্পের উৎপাদনশীলতা উন্নয়নে এসএমই ফাউন্ডেশন সচেতনতা সৃষ্টি, দক্ষতা উন্নয়ন, কাইজেন প্রয়োগসহ বিভিন্ন কার্যক্রমসহ 'এসএমই'তে কাইজেন' কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি ০৬টি ধাপে বাস্তবায়িত হয়: (১) প্রতিষ্ঠান বাছাই ও নিশ্চিতকরণ, (২) উৎপাদনশীলতা নিরীক্ষণ, (৩) কাইজেন বা ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প প্রণয়ন, (৪) প্রশিক্ষণ, (৫) প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণ, (৬) চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন। ফাউন্ডেশনের পরামর্শ সহযোগিতায় আহমেদ ফুড প্রোডাক্টস্ (প্রা.) লিমিটেড, সিনটিলা, আশরাফ লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার এবং লেদারিনা (প্রা.) লিমিটেড-৪টি প্রতিষ্ঠানে সফলভাবে 'কাইজেন' প্রকল্প বাস্তবায়িত হয়েছে।

# এসএমই খাতের উন্নয়নে দেশব্যাপী দক্ষতা উন্নয়ন কর্মসূচি

এসএমই ফাউন্ডেশনের ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন দেশের এসএমই খাতের উন্নয়নে ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের চাহিদা অনুযায়ী নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। এসব প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা/ট্রেডবডি/অ্যাসোসিয়েশন/চেম্বার/স্টেকহোল্ডার প্রতিনিধিগণ তাদের জ্ঞান ও দক্ষতার পরিবর্তন আনয়ন এবং তা ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনায় যথাযথভাবে কাজে লাগিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ও সার্বিকভাবে এসএমই খাতের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ লক্ষ্যে এপ্রিল-জুন ২০২২ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন বিভিন্ন বিষয়ে ২৪টি প্রশিক্ষণ বাস্তবায়ন করেছে। প্রশিক্ষণসমূহে ৭৭০জন নারী-পুরুষ ও তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## ‘ফাইন্যান্সিয়াল লিটারেসি’ কর্মশালা

এসএমই খাতে ঋণ সরবরাহ বৃদ্ধিকল্পে সরকার, বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন নীতিমালা, সার্কুলার, প্রকাশনা, কর্মসূচি, এসএমই ঋণ অনুমোদন ও আদায়ের কৌশল এবং এ বিষয়ে দেশী-বিদেশী সফল মডেল সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বিভাগীয় শহর ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও খুলনায় ‘Financial Literacy for SME Entrepreneurs’ কর্মশালার আয়োজন করা হয়। ৫টি কর্মশালায় ২২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।



সিলেটে আয়োজিত ‘ফাইনান্সিয়াল লিটারেসি’ কর্মশালায় অংশগ্রহণকারী অতিথিবৃন্দ


নড়াইলে তৃতীয় লিঙ্গের উদ্যোক্তাদের জন্য ‘হ্যান্ড অ্যামব্রয়ডারি (সেলাই)’ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের একাংশ

## এসএমই ক্লাস্টার উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি

এসএমই ক্লাস্টারসমূহের চাহিদার ভিত্তিতে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন বিভিন্ন ধরনের প্রশিক্ষণ আয়োজন করে থাকে। এপ্রিল-জুন ২০২২ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত ক্লাস্টার, কুষ্টিয়ার কুমারখালী টেক্সটাইল ক্লাস্টার, ঢাকার বেনারসী ক্লাস্টার, সাভারের ভাকুর্তা আর্টিফিশিয়াল জুয়েলারি ক্লাস্টার ও যশোরের নকশীকাথাঁ ক্লাস্টারে ৫টি প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণসমূহে ১৫৬জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

২০-২২ মে ২০২২ কুষ্টিয়ার কুমারখালী মার্চেন্ট অ্যাসোসিয়েশনের তত্ত্বাবধানে কুমারখালী টেক্সটাইল ক্লাস্টারের উদ্যোক্তাদের পণ্যের মানোন্নয়নে ‘প্রোডাক্ট ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ও বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ। প্রধান আলোচক ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, বিশেষ আলোচক ছিলেন কুমারখালী মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি মো. শাহজাহান আলী মোল্লা, বিশেষ অতিথি ছিলেন কুমারখালী পৌরসভার মেয়র মো. সামছুজ্জামান অরুন।



কুষ্টিয়ায় প্রোডাক্ট ডেভেলপমেন্ট প্রশিক্ষণে আমন্ত্রিত অতিথিবৃন্দের একাংশ

## তৃতীয় লিঙ্গের উদ্যোক্তাদের জন্য ‘হ্যান্ড অ্যামব্রয়ডারি (সেলাই)’ প্রশিক্ষণ

২৬-৩০ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশনের নড়াইলে তৃতীয় লিঙ্গ (হিজড়া সম্প্রদায়ের) ৩০জন উদ্যোক্তার জন্য ‘বিভিন্ন ধরনের হ্যান্ড অ্যামব্রয়ডারি (সেলাই)’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। নড়াইল জেলার তৃতীয় লিঙ্গ বা হিজড়া সম্প্রদায়কে অর্থনৈতিক মূল স্রোতধারায় নিয়ে আসতে এসএমই ফাউন্ডেশন এই প্রশিক্ষণ বাস্তবায়ন করেছে। এই প্রশিক্ষণের মাধ্যমে এই সম্প্রদায়ের উদ্যোক্তাগণ বিভিন্ন ধরনের হস্তশিল্পজাত পণ্য তৈরি ও বিপণনের সক্ষমতা অর্জন করে দক্ষতার সাথে পণ্য উৎপাদন করছেন। তাদের পণ্যের গুণগত মান বৃদ্ধি পেয়েছে এবং তাদের তৈরিকৃত পোশাক বিভিন্ন ক্রেতার নিকট সমাদৃত হচ্ছে।



এক্সপোর্ট রেডিনেস ফর এসএমই'স প্রশিক্ষণে সনদ বিতরণ করছে ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক

## ‘এক্সপোর্ট রেডিনেস ফর এসএমই'স’ প্রশিক্ষণ

৩০-৩১ মে ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ‘এক্সপোর্ট রেডিনেস ফর এসএমই'স’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাগণ ‘এসএমই পণ্যের আন্তর্জাতিক বাজার নির্বাচন’ বিষয়ে স্পষ্ট ধারণা লাভ করেন। প্রশিক্ষণ পরিচালনা করেন রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক মনোনীত ও আলোচ্য বিষয়ে অভিজ্ঞ ২জন কর্মকর্তা মিজ কুমকুম সুলতানা, পরিচালক (নীতি ও পরিকল্পনা), ইপিবি এবং আবু মোখলেস আলমগীর হোসেন, পরিচালক (মেলা), ইপিবি। উপস্থিত ছিলেন বিডি ক্রিয়েশনের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোস্তফা আহমেদ পিয়াস। প্রশিক্ষণে ৩৪জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## ‘ফ্যাশন ডিজাইন’ প্রশিক্ষণ

ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ২১-২৬ মে ২০২২ ও ১৮-২২ জুন ২০২২ 'working with fashion design (Phase -II)' ২টি প্রশিক্ষণের আয়োজন করা হয়। 'working with fashion design (Phase -I)'-এ অংশগ্রহণকারী ৪টি ব্যাচের ১২০জন প্রশিক্ষণার্থীর সাক্ষাতকার গ্রহণের মাধ্যমে ৫৮জন বাছাই করে ২ টি ব্যাচে 'working with fashion design (Phase -II)' প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাগণ ফ্যাশন ডিজাইন বিষয়ে দক্ষতা অর্জন করেন। সমাপনী অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ।

## ‘আইসিটি’ প্রশিক্ষণ

বর্তমান সময়ে বাংলাদেশের ই-কমার্স ব্যবসা প্রতিষ্ঠান ও গ্রাহকের মধ্যে গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা বৃদ্ধি করেছে। এই মাধ্যমে গ্রাহকদের বিভিন্ন পণ্য সহজে খুঁজে পাওয়া এবং তুলনামূলক বিশ্লেষণের একটি ক্ষেত্র তৈরি করে দিয়েছে। সেই প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের জন্য এপ্রিল-জুন ২০২২ 'ই-কমার্স ফর এসএমইস' ও 'সোস্যাল কমার্স ফর এসএমইস' ২টি প্রশিক্ষণের আয়োজন করে। মেহেরপুর ও ঢাকায় আয়োজিত প্রশিক্ষণে ৪০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ ব্যবসা উন্নয়ন ও বহুমুখীকরণে আইসিটি প্রযুক্তি ব্যবহারের দক্ষতা অর্জন করেন। উদ্যোক্তাগণ অর্জিত দক্ষতা ব্যবহার করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের সুষ্ঠ বিকাশ ও উন্নয়নের মাধ্যমে টেকসই শিল্পায়ন তথা জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ভূমিকা রাখবেন বলে আশা করা যায়।

# এসএমই খাতের উন্নয়নে দেশব্যাপী দক্ষতা উন্নয়ন কর্মসূচি

## ‘প্রযুক্তি উন্নয়ন’ প্রশিক্ষণ

উদ্যোক্তাদের প্রযুক্তি ব্যবহারে দক্ষতা উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে এসএমই ফাউন্ডেশন। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পের উন্নয়নের লক্ষ্যে উৎপাদিত পণ্যে আরো অধিক হারে মূল্য সংযোজন ও পণ্য বহুমুখীকরণের প্রয়োজনীয়তা রয়েছে। এক্ষেত্রে প্রধান অন্তরায়, প্রযুক্তিগত অনগ্রসরতা, উৎপাদন অদক্ষতা, অনুৎপাদনশীলতা, পণ্যের প্রচারণামূলক কার্যক্রম। এই শিল্পে নিয়োজিত উদ্যোক্তা ও কর্মীগণ অভিজ্ঞতালব্ধ জ্ঞান ও দক্ষতা ব্যবহারে প্রথাগত উপায়ে সাশ্রয়ী মূল্যের ও অপেক্ষাকৃত নিম্নমানের পণ্য উৎপাদন করে আসছেন। কারণ বর্তমান প্রেক্ষাপটে দেশীয় অতীব গুরুত্বপূর্ণ হালকা প্রকৌশল শিল্পের জন্য প্রয়োজনীয় উচ্চ মানসম্পন্ন, টেকসই ও নান্দনিক অধিকাংশ পণ্যই এ শিল্পের পক্ষে উৎপাদন করা কষ্টসাধ্য। এরই প্রেক্ষিতে, এসএমই ফাউন্ডেশন বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং উদ্যোক্তাদের জন্য ০৩-০৫ জুন ২০২২ ‘লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পের পণ্য বহুমুখীকরণ’ প্রশিক্ষণ প্রদান করে। এই প্রশিক্ষণ উদ্যোক্তাদের অধিকতর দক্ষতা তৈরি করতে সহযোগিতা করবে বলে আশা করা যায়।

এসএমই ফাউন্ডেশন কর্তৃক চিহ্নিত ১৭৭টি এসএমই ক্লাস্টারের মধ্যে ১৩টি ক্লাস্টার চামড়া ও চামড়াজাত পণ্য উৎপাদনের সাথে জড়িত, তন্মধ্যে ১০টিতে উদ্যোক্তাগণ বিভিন্ন ধরনের ফুটওয়্যার বিশেষত স্যান্ডেল ও স্যু তৈরি করে থাকেন। তুলনামূলক নিম্নমানের কাঁচামাল ব্যবহার, সেকেলে প্রক্রিয়াকরণ প্রযুক্তির প্রয়োগ ও অনুন্নত ডিজাইনের কারণে এসব ক্লাস্টারের উদ্যোক্তাদের তৈরি পণ্যে নিম্ন হারে মূল্য সংযোজিত হয়ে আসছে। উল্লিখিত ১০টি ক্লাস্টারের মধ্যে কিশোরগঞ্জের ভৈরব পাদুকা ক্লাস্টার ও চট্টগ্রামের পূর্ব মাদারবাড়ী পাদুকা ক্লাস্টার। ভৈরব পাদুকা ক্লাস্টারের উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ০৪-১১ জুন ২০২২ ‘পাদুকা উৎপাদনে লাগসই ডিজাইন ও প্যাটার্ন ইঞ্জিনিয়ারিং’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে কারখানা কর্মীদের ব্যক্তিগত নিরাপত্তা, কারখানার পরিবেশ, যন্ত্রপাতি ব্যবহার, কাচাঁমাল সংগ্রহ, পণ্য উৎপাদন, প্যাকেজিংসহ পাদুকা উৎপাদনের সকল বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান করা হয়। ক্লাসরুম প্রশিক্ষণ ছাড়াও ব্যবহারিক কার্যক্রমের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীদের দিয়ে প্রোটোটাইপ পাদুকা প্রস্তুত করা হয়। নরসিংদীতে ০৯-১৫ জুন ২০২২ ‘অপারেশন, মেইনটেনেন্স ও সেফটি অব ইন্ডাস্ট্রিয়াল বয়লার’ প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। এছাড়া বগুড়া ও সিলেটে ২টি প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে ৬৬জন উদ্যোক্তা প্রযুক্তি ব্যবহারে দক্ষতা অর্জন করেন।

## ট্রেডবডি/চেম্বারসমূহের সহযোগিতায় বাস্তবায়িত প্রশিক্ষণ

এসএমই খাতের বিকাশকে বেগবান করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই)-এর সহযোগিতায় ১৬-২২ মে ২০২২ চট্টগ্রামে ‘আর্টিফিসিয়াল জুয়েলারি তৈরি’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার। ৩০জন নারী-উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

# নারী-উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ‘প্রচলিত ঋণ নীতিমালা সহজীকরণ’ মতবিনিময় সভা

দেশের এসএমই খাতের সুষম উন্নয়নের লক্ষ্যে প্রণীত এসএমই নীতিমালা ২০১৯-এর কৌশলগত লক্ষ্য ৮-এ নারী-উদ্যোক্তা উন্নয়নভিত্তিক কর্মসূচির প্রসার ও বিশেষায়িত সেবা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এই লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নারী-উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ বৃদ্ধি এবং বিশেষায়িত ঋণের ব্যবস্থা গ্রহণকে অন্যতম হাতিয়ার হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই লক্ষ্যে নারী-উদ্যোক্তাদের জন্য প্রচলিত ঋণ নীতিমালা সহজতর করা এবং সহজ শর্তে জামানতবিহীন ঋণ প্রদানের পরিমাণ ও পরিধি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়নের জন্য এসএমই নীতিমালায় বাংলাদেশ ব্যাংককে প্রধান বাস্তবায়নকারী সংস্থা এবং এসএমই ফাউন্ডেশনকে সহযোগী বাস্তবায়নকারী হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ২২ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভায় সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের পরিচালক মো. জাকের হোসেন। সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য মানতাশা আহমেদ, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং ইস্টার্ন ব্যাংক, ব্যাংক এশিয়া, আইডিএলসি ফাইন্যান্স, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, ব্র্যাক ব্যাংক, ঢাকা ব্যাংক, লংকা বাংলা ফাইন্যান্স ও দি সিটি ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের সঞ্চালনা এবং সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমানের উপস্থাপনায় সভায় মূল প্রবন্ধ উপস্থাপন



নারী-উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ‘প্রচলিত ঋণ নীতিমালা সহজীকরণ’ মতবিনিময় সভায় অতিথিবৃন্দ এবং অংশগ্রহণকারীদের একাংশ

করেন বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের অতিরিক্ত পরিচালক রোজিনা আক্তার মুস্তাফী। বাংলাদেশ উইমেন চেম্বার, পটুয়াখালী উইমেন চেম্বার, দিনাজপুর উইমেন চেম্বার, উইমেন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, উইমেন এন্টারপ্রেনিয়ার্স নেটওয়ার্ক ইন ডেভেলপমেন্ট, বাংলাদেশ ফেডারেশন অফ উইমেন এন্টারপ্রেনিয়ার্স, বাংলাদেশ ইন্ডিয়া বিজনেস কাউন্সিল, নাটোর উইমেন অ্যাসোসিয়েশন, উইমেন ইন ই-কমার্স ট্রাস্ট, বাংলাদেশ উইমেন ইন টেকনোলজি, হার ই-ট্রেড এর সভাপতি/প্রতিনিধি এবং নারী-উদ্যোক্তাগণ সভায় মতামত প্রদান করেন। নারী-উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে প্রচলিত ঋণ নীতিমালা সহজীকরণ সভায় প্রাপ্ত সুপারিশসমূহের বাস্তবায়নের মাধ্যমে বিদ্যমান ঋণ নীতিমালা আরো নারী-উদ্যোক্তাবান্ধব হবে বলে আমন্ত্রিত অতিথিগণ আশাবাদ ব্যক্ত করেন।

# রাজশাহীতে ‘পণ্য বাজারজাতকরণ কৌশল’ প্রশিক্ষণ




রাজশাহীতে ‘পণ্য বাজারজাতকরণ কৌশল’ প্রশিক্ষণে অতিথিবৃন্দ

২৬-২৮ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশন ও আইডিএলসি ফাইন্যান্সের উদ্যোগে রাজশাহীতে তিন দিনব্যাপী ‘পণ্য বাজারজাতকরণ কৌশল’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের বিভিন্ন কৌশল সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক দিক নিয়ে আলোচনা করা হয় প্রশিক্ষণে। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং আইডিএলসি ফাইন্যান্স রাজশাহী অঞ্চলের এসএমই ইনচার্জ মোস্তফা আল তাহরিম। উপস্থিত ছিলেন প্রশিক্ষক ইউসুফ ইফতি এবং নারী-উদ্যোক্তা সংগঠক আঞ্জুমান আরা পারভীন লিপি। প্রশিক্ষণে ৩২জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

# মানিকগঞ্জের সাটুরিয়ায় ডিজিটাল পল্লী স্থাপনের উদ্যোগ


মানিকগঞ্জের সাটুরিয়ায় ডিজিটাল পল্লী স্থাপনের উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় অতিথিবৃন্দ

বাণিজ্য মন্ত্রণালায়ের বিজনেস প্রমোশন কাউন্সিল (বিপিসি) এবং ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)-এর উদ্যোগে ডিজিটাল পল্লী স্থাপনের লক্ষ্যে ১৮ মে ২০২২ মানিকগঞ্জের সাটুরিয়ায় তাঁতপল্লীতে আলোচনা সভার আয়োজন সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান। ইন্টারনেট, লজিস্টিক, ডিজিটাল পেমেন্ট, দক্ষতা উন্নয়ন, নতুন কর্মসংস্থান, ক্রসবর্ডার ইকোসিস্টেম তৈরিসহ বিভিন্ন বিষয়ে সরকার ও বেসরকারি প্রতিষ্ঠান সমন্বয়ে তৈরি করা হবে এই মডেল ভিলেজ। এ লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের একটি প্রতিনিধিদলও তাঁতপল্লী পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন। মানিকগঞ্জ শহর থেকে ২৩ কিলোমিটার উত্তরে সাটুরিয়া উপজেলার বরাইদ ইউনিয়নের সাভার গ্রামে এই তাঁতপল্লী অবস্থিত। সেখানকার প্রায় ২৫০ পরিবারের ১ হাজারের মতো মানুষ এ শিল্পের সাথে জড়িত। তাঁতীরা প্রধানতঃ কাতান, জামদানি, এনডি কটন, এনডি সিল্ক, সুতি শাড়ী, থ্রি পিস, ওড়না, ধুপিয়ান, বেনারসী, গামছা, হাফ সিল্ক, লুঙ্গী ইত্যাদি পণ্য তৈরি করেন।

# 'আইসিটি ব্যবহারে দক্ষতা উন্নয়ন' কর্মশালা

এসএমই খাতের সার্বিক উন্নয়নের জন্য অ্যাসোসিয়েশন, ট্রেডবডি ও চেম্বারের সক্ষমতা বৃদ্ধি অন্যতম প্রধান পূর্বশর্ত। বর্তমান ডিজিটাল যুগে এসএমই উদ্যোক্তারা আইসিটিবান্ধব হলেই কেবল তাদের ব্যবসা সম্প্রসারণ ও টেকসই করা সম্ভব। এই প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশন এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডিসমূহের আইসিটি দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করেছে। সব জেলার ট্রেডবডি'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের ব্যবসায় আইসিটি ব্যবহারে দক্ষতা বৃদ্ধির অংশ হিসেবে ইতোমধ্যে বিভাগ অনুসারে বিভিন্ন জেলার আগ্রহী ট্রেডবডিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ অনলাইনে আয়োজন করা হয়েছে। এই কার্যক্রমের ধারাবহিকতায় এপ্রিল-জুন ২০২২ অনলাইনে 'অফিস ও ব্যবসা ব্যবস্থাপনায় আইসিটি ব্যবহার' ৩টি কর্মশালা আয়োজন করা হয়। দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে অ্যাসোসিয়েশনের অফিস ব্যবস্থাপনায় আইসিটি টুলস ব্যবহার, উদ্যোক্তাদের ব্যবসা অনলাইনে অন্তর্ভুক্তকরণের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কর্মশালায় ঢাকা ও বরিশাল জেলার ১৭টি ট্রেডবডি ও অ্যাসোসিয়েশনের ৪৫জন কর্মকর্তা অংশগ্রহণ


'আইসিটি ব্যবহারে দক্ষতা উন্নয়ন' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

করেন। উক্ত কর্মশালা উদ্যোক্তাদের ব্যবসা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

# 'প্রণোদনা প্যাকেজ হতে ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের ডিজিটালাইজেশনে উদ্বুদ্ধকরণ' কর্মশালা


'প্রণোদনা প্যাকেজ হতে ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের ডিজিটালাইজেশনে উদ্বুদ্ধকরণ' কর্মশালায় অতিথিবৃন্দ

সরকার ঘোষিত ২য় ধাপের প্রণোদনা প্যাকেজের আওতায় বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে এসএমই ফাউন্ডেশনের ঋণপ্রাপ্ত দেশের সম্ভাবনাময় এসএমই ক্লাস্টার ও সেক্টরের উদ্যোক্তাদেরকে আইসিটি ব্যবহারে উদ্বুদ্ধ করার উদ্যোগ নিয়েছে এসএমই ফাউন্ডেশন। এর অংশ হিসেবে নরসিংদী টেক্সটাইল ক্লাস্টারের ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের ব্যবসায় তথ্য প্রযুক্তির প্রয়োজনীয়তা ও ব্যবহার বিষয়ে আলোচনা ও পরামর্শ প্রদানের মাধ্যমে আইসিটি ব্যবহারে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ০৪ জুন ২০২২ নরসিংদীতে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'প্রণোদনা প্যাকেজ হতে ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের ডিজিটালাইজেশনে উদ্বুদ্ধকরণ' কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ৩০জন উদ্যোক্তা অংশগহণ করেন।

# 'আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন' কর্মশালা

উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনায় আইসিটি ব্যবহারের জন্য বিভিন্ন ধরনের কাযক্রম পরিচালনা করে আসছে এসএমই ফাউন্ডেশন। এর মধ্যে উল্লেখযোগ্য, 'ই-কমার্স' প্রশিক্ষণ প্রদান, যা বর্তমান করোনা পরিস্থিতিতে ব্যপক জনপ্রিয় ও প্রশংসিত হয়েছে। এছাড়া উদ্যোক্তাদের ব্যবসা অটোমেশনে বিভিন্ন টুলস ব্যবহারে উৎসাহ প্রদান করছে ফাউন্ডেশন। এসএমই উদ্যোক্তাগণও তাঁদের প্রয়োজনীয় ডিজিটাল সেবা প্রাপ্তির নির্ভরযোগ্য প্রতিষ্ঠানের তথ্যের জন্য ফাউন্ডেশনে অনুরোধ করে আসছিলেন। উদ্যোক্তাদের চাহিদার প্রেক্ষিতে ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে অটোমেশন করার লক্ষ্যে ১৯ এপ্রিল ২০২২ 'আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন' কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। কর্মশালায় ব্যবসা পরিচালনায় বিভিন্ন সফটওয়্যারের প্রয়োজনীয়তা ও ব্যবহারের বিভিন্ন দিক উপস্থাপন করা হয়। এসএমই উদ্যোক্তাদের নিকট ডিজিটাল সেবা উপস্থাপনার জন্য বেসিস তাদের বাছাইকৃত সদস্য, সুপ্রতিষ্ঠিত আইটি কোম্পানিসমূহের তালিকা ও সেবার নাম প্রদান করে। নির্বাচিত


'আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

আইটি কোম্পানিসমূহ নির্দিষ্ট সময় পর্যন্ত তাদের সেবা বিনামূল্যে আগ্রহী উদ্যোক্তাদেরকে প্রদানের প্রতিশ্রুতি প্রদান করে কর্মশালায়।

## ‘Financial Literacy and Digital Marketing for Women Entrepreneurs’ প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের নিয়মিত কার্যক্রমের আওতায় বিভিন্ন ব্যাংক ও ননব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমঝোতা রয়েছে। এই সমঝোতা চুক্তির আওতায় এসএমই ফাউন্ডেশন ও লংকাবাংলা ফাইন্যান্স-এর যৌথ উদ্যোগে ২৯-৩১ মে ২০২২ ঢাকায় নারী-উদ্যোক্তাদের জন্য ‘Financial Literacy and Digital Marketing for Women Entrepreneurs’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে আর্থিক পরিকল্পনার প্রাথমিক ধারণা ও পরিকল্পনা, বাজার জরিপ চেকলিষ্ট, ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন ও ব্যবসায় পরিকল্পনা উপস্থাপন বিষয়ে নারী-উদ্যোক্তাদের বিস্তারিত ধারণা প্রদান করা হয়। এছাড়া ঋণ আবেদন প্রক্রিয়া বিশেষতঃ বিভিন্ন প্যাকেজ থেকে ঋণপ্রাপ্তি সহজীকরণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণে আলোচনা করা হয়। প্রশিক্ষণে করোনা মহামারীকালীন এবং তৎপরবর্তী সময়ে নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক যোগাযোগের দক্ষতা উন্নয়নের অংশ হিসেবে সামাজিক যোগাযোগ মাধ্যম বিশেষত নিজস্ব ওয়েবসাইট, ফেসবুক, লিংকডইন, টুইটার, ইন্সটাগ্রাম, গুগল-এ মাই বিজনেস লিস্টিং ব্যবহার করে পণ্য বাজারজাতকরণ কৌশল, নতুন ব্যবসায়িক এটিকেটস, ব্যবসা পরিকল্পনা, প্রোডাক্ট প্রমোশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। মহামারীর


‘Financial Literacy and Digital Marketing for Women Entrepreneurs’ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

সময়ে উৎপাদিত পণ্য বিপণনের জন্য করণীয় ও বর্জনীয়সহ আধুনিক প্রযুক্তির লাগসই ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ব্যবসায়ের প্রফিট ম্যাক্সিমাইজেশনের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয় প্রশিক্ষণে। প্রশিক্ষণে ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## নরসিংদীতে ‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ কর্মশালা


‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

২৪-২৬ এপ্রিল ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নরসিংদীতে ‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ কর্মশালার আয়োজন করা হয়। কর্মসূচিতে নরসিংদী জেলা বেকারি মালিক সমিতির ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। কর্মশালায় অংশগ্রহণকারীদেরকে ব্যক্তিগত পরিচ্ছন্নতা, কারখানার পরিবেশ, যন্ত্রপাতি ব্যবহার, কাঁচামাল সংগ্রহ ও উৎপাদিত পণ্য সংরক্ষণ পদ্ধতি, কীটপতঙ্গ দমন, সর্বোপরি নিরাপদ উপায়ে খাদ্য উৎপাদন পদ্ধতি বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান করা হয়। এছাড়া, অংশগ্রহণকারীদেরকে হাতে কলমে সঠিক উৎপাদন রীতির প্রায়োগিক ব্যবহার ও বাস্তবায়নে পরামর্শ প্রদান করা হয়।

## যশোরে ‘হালকা প্রকৌশল শিল্পের প্রযুক্তি আধুনিকায়ন’ কর্মশালা

এসএমই ক্লাস্টারসমূহের আধুনিকায়নে সময়োপযোগী বিভিন্ন কলাকৌশল, ব্যবস্থাপনা পদ্ধতি ও প্রযুক্তি গ্রহণ উদ্বুদ্ধকরণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৮-১৯ জুন ২০২২ যশোরে শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্কে ‘হালকা প্রকৌশল শিল্পের প্রযুক্তি আধুনিকায়ন’ ডেমনস্ট্রেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইপিই বিভাগের চেয়ারম্যান ড. এ. এস. এম. মোজাহিদুল হক। ০৮-০৯ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বিটাক, চট্টগ্রামে ‘হালকা প্রকৌশল শিল্পের জন্য আধুনিক মেশিনিং প্রযুক্তি’ ডেমনস্ট্রেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পবিত্র কুমার কবিরাজ, অতিরিক্ত পরিচালক, বিটাক, চট্টগ্রাম। দু'টি কর্মশালায় উদ্যোক্তা ও তাদের প্রতিনিধিকে 3D Scanning, 3D Printing প্রভৃতির মাধ্যমে পণ্যের রিভার্স ইঞ্জিনিয়ারিং, প্রোটোটাইপিং, কোয়ালিটি কন্ট্রোল ও আধুনিক সিএনসি মিলিং ও টার্নিংসহ অন্যান্য আধুনিক


‘হালকা প্রকৌশল শিল্পের প্রযুক্তি আধুনিকায়ন’ কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

মেশিনিং প্রযুক্তি সম্পর্কে প্রাথমিক ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয়।

## ‘এসএমই বিজনেস ম্যানেজমেন্ট’ প্রশিক্ষণ

২৮-৩০ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নেত্রকোনায় ‘এসএমই বিজনেস ম্যানেজমেন্ট’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। ব্যবসায় পরিকল্পনা, ব্যবসা বাছাই ও লক্ষ্য নির্ধারণ, উৎপাদন প্রক্রিয়া ও উৎপাদন পরিকল্পনার বিভিন্ন মডেল আলোচনা, বাজার ও বিপণন ব্যবস্থা বিষয়ে ধারণা, আর্থিক ধারণা ও পরিকল্পনা, ব্যবসায়িক ধারণা বাছাই ও নির্বাচন (ম্যাক্রো/ মাইক্রো স্ক্রিনিং), বাজার জরিপ চেকলিষ্ট, ব্যবসায় পরিকল্পনার প্রাথমিক ধারণা, ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন এবং ব্যবসায় পরিকল্পনা উপস্থাপন বিষয়ে প্রশিক্ষণার্থীদের বিস্তারিত ধারণা প্রদান করা হয়। এছাড়া ঋণ আবেদন প্রক্রিয়া বিশেষতঃ করোনাকালীন প্রণোদনা প্যাকেজ থেকে ঋণপ্রাপ্তি সহজীকরণ বিষয়েও প্রশিক্ষণে আলোচনা করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান। উপস্থিত ছিলেন নেত্রকোনা জেলার নারী-উদ্যোক্তা সংগঠক মিসেস ফারহানা লিনু এবং প্রশিক্ষক মো. মাহফুজুল হক। প্রশিক্ষণে ৩২জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## ‘বহুমুখী পাটপণ্য প্রস্তুতকরণ’ প্রশিক্ষণ

নারী-উদ্যোক্তাদের বহুমুখী ব্যবসায় সম্পৃক্তকরণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নরসিংদী জেলা নাসিবের সহায়তায় নরসিংদীতে ২৮ মে-০১ জুন ২০২২ নারী-উদ্যোক্তাদের জন্য ‘বহুমুখী পাটপণ্য প্রস্তুতকরণ’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিভিন্ন ধরনের পাট পণ্য উৎপাদন কৌশল শেখানোর মাধ্যমে জেলার নারী-উদ্যোক্তাদের পণ্য বহুমুখীকরণ এবং তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে এ অঞ্চলের নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক উন্নয়ন ত্বরান্বিত করাই মুলত প্রশিক্ষণের লক্ষ্য। প্রশিক্ষণে পাটের তৈরি বিভিন্ন আসবাবপত্র, ম্যাট, শিকা, জুট স্পিনিং, বিভিন্ন হোম ডেকর ও অফিস ডেকর আইটেম প্রস্তুতি বিষয়ে নারী-উদ্যোক্তাদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী ৩০জন নারী-উদ্যোক্তার মাঝে সনদপত্র বিতরণ করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান।

# শিল্প মন্ত্রণালয়ের সাথে এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ স্বাক্ষর

২৬ জুন ২০২২ শিল্প মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেছে এসএমই ফাউন্ডেশন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং বিশেষ অতিথি ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিল্পসচিব জাকিয়া সুলতানা। এসএমই ফাউন্ডেশনের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। ২০২২-২৩ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের ৩১টি কার্যক্রমের অধীনে ৪৫টি কর্মসম্পাদন সূচক রয়েছে। মূলত করোনা পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধারে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে এসএমই ফাউন্ডেশন। করোনা পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধারের লক্ষ্যে সরকারের প্রণোদনা প্যাকেজের বাস্তবায়ন, ক্রেডিট হোলসেলিং কর্মসূচি সম্প্রসারণ, প্রাতিষ্ঠানিক অর্থায়ন সহজীকরণের লক্ষ্যে ব্যাংকার-উদ্যোক্তা ম্যাচমেকিং প্রোগ্রাম/ফাইন্যান্সিং মেলা/কনফারেন্স আয়োজন, ফাইন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম, উদ্যোক্তাদের পণ্যের প্রচার প্রসারের লক্ষ্যে জাতীয়, আঞ্চলিক ও ট্রেডবডি/সেক্টরভিত্তিক এসএমই পণ্য মেলা আয়োজন, উন্নয়নমূলক কার্যক্রমে এসএমই ক্লাস্টার অন্তর্ভুক্তিকরণ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে নিরাপদ খাদ্য উৎপাদনে সহায়তাকরণ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তাকরণ, এসএমইতে ৪র্থ শিল্প বিপ্লব উপযোগী সক্ষমতা উন্নয়ন, জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির লক্ষ্যে এসএমইবান্ধব প্রস্তাবনা প্রেরণ, এসএমই খাতের উন্নয়নের লক্ষ্যে গবেষণা ও প্রকাশনা, ৪টি নিউজলেটারের প্রকাশ, নারী-উদ্যোক্তা উন্নয়ন, নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, আমদানি-রপ্তানি বিষয়ক প্রশিক্ষণ, অনুন্নত জনগোষ্ঠীর উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ, আধুনিক ও লাগসই প্রযুক্তি (প্রক্রিয়া/পণ্য) সম্পর্কে সম্যক ধারণা প্রদান, অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে উদ্যোক্তাদের পরামর্শ সেবা প্রদান ইত্যাদি বিষয়ের ওপর প্রাধান্য দেয়া হয়েছে। সরকার ঘোষিত নীতিমালার যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্খিত লক্ষ্য অর্জন, সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ২০১৪-১৫ অর্থবছর থেকে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে।



শিল্প মন্ত্রণালয়ের সাথে এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ স্বাক্ষর অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের নিকট চুক্তিপত্র হস্তান্তর করছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি

# নারী-উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে সহায়তা করতে বিশ্বব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের অনলাইন প্ল্যাটফর্ম গঠন

নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগ বিশেষ করে নারী-উদ্যোক্তাদের পণ্য কর্পোরেট প্রতিষ্ঠানগুলোতে বিক্রয়ে সহায়তা প্রদানের লক্ষ্যে বিশ্বব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে তৈরি করা হয়েছে SMEF Suppliers Platform for Women Entrepreneurs। ১৬ জুন ২০২২ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে এই কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি ছিলেন বিশ্বব্যাংকের বাংলাদেশ ও ভূটানের কান্ট্রি ডিরেক্টর Mercy Miyang Tembon। স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। অনুষ্ঠানে জানানো হয়, দেশে প্রায় ১০ লক্ষ ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং প্রায় ৬৮ লক্ষ কুটির শিল্প প্রতিষ্ঠান রয়েছে; যার ৭.২১ শতাংশ নারী-উদ্যোক্তাদের মাধ্যমে পরিচালিত হচ্ছে। নারীর জন্য সহায়ক কর্মপরিবেশ তৈরি এবং নানাবিধ প্রণোদনার কারণে দেশে নারী-উদ্যোক্তার সংখ্যা প্রতি বছর উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। তবে বাংলাদেশে কর্পোরেট সাপ্লাই চেইনে নারী-উদ্যোক্তাদের অংশগ্রহণ খুবই কম। এই সুযোগ কাজে লাগাতে এসএমই উদ্যোক্তা, বিশেষ করে নারী-উদ্যোক্তাদের প্রয়োজনীয় প্রস্তুতি নেয়ার পরামর্শ দিয়েছে এসএমই




নারী-উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে সহায়তা করতে অনলাইন প্ল্যাটফর্ম তৈরির উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্বব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ

ফাউন্ডেশন। বিশ্বব্যাংক ও এসএমই ফাউন্ডেশন নারী-উদ্যোক্তাদের বিভিন্ন ট্রেড অ্যাসোসিয়েশনের সহযোগিতায় SMEF Suppliers Platform for Women Entrepreneurs-এ তথ্য সন্নিবেশিত করবে। এই প্ল্যাটফর্ম নারী-উদ্যোক্তাদের পণ্যের বাজার খুঁজে পেতে বিশেষ করে কর্পোরেট হাউজগুলোকে তাঁদের পণ্য বিক্রি নিশ্চিত করতে সহায়তা করবে। পাশাপাশি, কর্পোরেট হাউজগুলো পণ্য সংগ্রহের ক্ষেত্রে নারী-উদ্যোক্তাদের খুঁজে পেতে সহায়তা করবে। এছাড়া, আর্থিক প্রতিষ্ঠানগুলো নারী-উদ্যোক্তাদের জন্য তাদের ঋণ বিষয়ক তথ্য এই প্ল্যাটফর্মে উপস্থাপন করতে পারবে এবং ঐসব নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক প্রোফাইলের অবস্থা মূল্যায়ন করে অর্থায়নের ব্যবস্থা করবে। ফলে, এই প্ল্যাটফর্ম ব্যবহার করে নারী-উদ্যোক্তা, কর্পোরেট হাউজ ও আর্থিক প্রতিষ্ঠান সব পক্ষ উপকৃত হবে। www.wsmesuppliersplatform.smef.gov.bd ঠিকানায় একজন নারী-উদ্যোক্তা, কর্পোরেট ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি নিজেই নিবন্ধন করতে পারবেন।

# এসএমই খাতের উন্নয়নে FES Bangladesh-এসএমই ফাউন্ডেশন সহায়তা স্মারক স্বাক্ষর

দেশের এসএমই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা Friedrich-Ebert-Stiftung (FES) Bangladesh যৌথভাবে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় ০৯ জুন ২০২২ FES Bangladesh-এর সাথে এসএমই ফাউন্ডেশন একটি Memorandum of Cooperation (MoC) স্বাক্ষর করে। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক মোঃ নাজিম হাসান সাত্তার এবং FES Bangladesh-এর আবাসিক প্রতিনিধি ফেলিক্স কোলবিজসহ দুই প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। স্বাক্ষরিত সহযোগিতা স্মারক অনুসারে চলতি অর্থবছরে FES Bangladesh ও এসএমই ফাউন্ডেশন যৌথভাবে এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গবেষণা, পলিসি ব্রিফিং, স্টেকহোল্ডার কনসালটেশন, সেমিনার ও প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করবে।



এসএমই খাতের উন্নয়নে FES Bangladesh-এসএমই ফাউন্ডেশন সহায়তা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে অতিথিবৃন্দ



সম্পাদনা পরিষদ: সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক, মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক, মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক, অঙ্গসজ্জা: মো: আরিফুল ইসলাম, প্রোগ্রাম সহকারী, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল-৬ ও ৭) প্লটঃ ই-৫/সি-১, পশ্চিম আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭। ফোন: (+৮৮০২) ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: ৪১০২৪১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd